

লং লাইন দ্বারা मत्स्यशिकारे प्रामुखिक सामुद्रिक पाथीर मृत्युहार
कमानोर जन्य आन्तर्जातिक कर्मपरिकल्लना



हाङ्गर संरक्षण एवं तार सुष्ठ परिचालनार व्यवस्थार जन्य
आन्तर्जातिक कर्मपरिकल्लना



सामुद्रिक मत्स्य शिकार ओ परिचालनार व्यवस्थार जन्य आन्तर्जातिक
कर्मपरिकल्लना



**Food and
Agriculture
Organization
of the United
Nations**

লং লাইন দ্বারা मत्स्यशिकारे प्रसङ्गिक सामुद्रिक पाखीर मृत्युहार
कमानोर जन्य आन्तर्जातिक कर्मपरिकल्पना



हाङ्गर संरक्षण एवं तार सुष्ठ परिचालनार व्यवहार जन्य
आन्तर्जातिक कर्मपरिकल्पना



सामुद्रिक मत्स्य शिकार ओ परिचालनार व्यवहार जन्य आन्तर्जातिक
कर्मपरिकल्पना

এই তথ্য জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার অংশ (এফ এ ও এর) কোনো মতামত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রকাশ করে না, উপস্থাপনায় কোনো দেশ, অঞ্চল, আইনি বা উন্নয়ন অবস্থা বিষয়ে উপর শহর বা এলাকা বা তার কর্তৃপক্ষ, বা তার সীমানা বা সীমানা পুনর্নির্ধারণ বিষয়ে এফএওএর মতামত বা নীতি প্রতিফলিত না। এই নথিতে, এফএও দ্বারা সব কটি বিষয় বা যা কিছু সুপারিশ করা হয়েছে তা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পেটেন্ট হয়েছে কিনা বা না নির্দিষ্ট কোম্পানি বা নির্মাতাদের পণ্য উল্লেখ করা হয়ে থাকলে তাতে এফ এ ও এর দায়বদ্ধতা নেই। এই তথ্যে উল্লিখিত মতামত লেখক বা লেখক দের যা এফএও এর মতামত বা নীতি হিসাবে গ্রহণ করা যাবে না”।

জাতিসংঘ এর খাদ্য ও কৃষি সংস্থা

রোম ১৯৯৯

M-40 ISBN 92-5-104332-9

সর্বস্বত্ব সংরক্ষিত। এই প্রকাশনার কোন অংশ কপিরাইট মালিকের পূর্বানুমতি ছাড়া ব্যবহার, একটি সিস্টেমের মধ্যে সংরক্ষিত আহরণ, বা কোন ফর্ম বা যান্ত্রিক ইলেকট্রনিক কোনো উপায়ে, দ্বারা প্রেরিত, ফটোকপি বা অন্যথায়, উদ্দেশ্য এবং প্রয়োজন অনুযায়ী একটি বিবৃতি দিয়ে পুনরুৎপাদন করা যেতে পারে, যেমন অনুমতির জন্য আবেদনগুলো করতে হবেঃ

পরিচালক, তথ্য বিভাগ, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা, Vale delle TERME DI Caracalla, 00100 রোম, ইতালি।

©FAO 1999

Translation: Dipankar Saha
Translated and Printed by the Bay of Bengal Programme
Inter-Governmental Organisation
December 2014

Bay of Bengal Programme
Inter-Governmental Organisation
91, Saint Mary's Road, Abhiramapuram
Chennai - 600 018, Tamil Nadu, India
Tel: +91-44-24936294, 24936188; Fax: +91-44-24936102
Email: info@bobpigo.org; website: www.bobpigo.org

এই নির্দেশিকাটির প্রস্তুতি করন

এই নির্দেশিকা টিতে তিনটি আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা (আই.পি.ও.এ) বর্ণনা করা রয়েছে:

- জাহাজের সঙ্গে যুক্ত ছক-দড়ি জাল (লংলাইন) দ্বারা মৎস্য শিকারে প্রাসঙ্গিক সামুদ্রিক পাখীর মৃত্যুহার কমানোর জন্য আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা।
- হাঙ্গর সংরক্ষণ এবং তার সৃষ্ট পরিচালনার ব্যবস্থার জন্য আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা। এবং,
- সামুদ্রিক মৎস্য শিকার ও পরিচালনার ব্যবস্থার জন্য আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা

১৯৯৭ সালে (COFI) সি.ও.এফ.আই সদস্যরা মনে করেন যে একটি দায়ী মৎস্যচাষ / শিকার ও পরিচালনার জন্য কোড অফ কন্ডাক্ট মেনে চলার জন্য একটি আন্তর্জাতিক চুক্তির প্রয়োজন হতে পারে যা এই আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা গুলির(আই.পি.ও.এ) নির্দেশিকা টিতে প্রকাশিত হয়েছে। তিনটি অংশের প্রতিটি বিষয়ের জন্য সবচেয়ে উপযুক্ত উপকরণ হল একটি স্বেচ্ছামূলক আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা। দুইটি আন্তঃসরকার সভার মাধ্যমে এই গ্রন্থে প্রকাশিত বিষয় গুলি স্থির করা হয় সব এফ এ ও সদস্যদের মধ্যে ১৯৯৮ সালে উপস্থাপিত হয়। এই আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা গুলি (আই .পি. ও.এ গুলি) ১৯৯৯ সালের জুন মাসে অনুষ্ঠিত অধিবেশনে এফ এ ও র কাউন্সিল কর্তৃক ফেব্রুয়ারি ১৯৯৯ সালে মৎস্য উপর এফ এ ও কমিটির বিশ্ব-তৃতীয় সেশন দ্বারা গৃহীত হয়।

জাপান, নরওয়ে, আমেরিকা সেইসাথে ইউরোপীয় কমিশনের মার্কিন যুক্তরাষ্ট্রের সরকার আন্তঃসরকার মিটিংএর আর্থিক এবং প্রস্তুতিমূলক কার্যক্রম এর সহায়তা করেন।

এফ.এ.ও.

লং লাইন মৎস্য শিকারে সামুদ্রিক পাখী ক্যাচ আনুষঙ্গিক হ্রাস করার জন্য অ্যাকশন আন্তর্জাতিক পরিকল্পনা, শুধুমাত্র হাঙ্গর সংরক্ষণ এবং পরিচালনার জন্য অ্যাকশন আন্তর্জাতিক পরিকল্পনাও, মাছধরার ক্ষমতা পরিচালনার জন্য অ্যাকশন আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা, এফ.এ.ও। রোম, ১৯৯৯, ৪১ পৃ.

সারাংশঃ

যেসব রাষ্ট্র লং লাইন (হুক দড়ি জাল) দ্বারা মৎস্যশিকার জেলেদের জন্য নিয়োজিত, সামুদ্রিক পাখীর মৃত্যুহার কমানোর জন্য আন্তর্জাতিক পরিকল্পনা (আই.পি.ও.এ-সামুদ্রিক পাখী) তাদের জন্য প্রযোজ্য একটি স্বেচ্ছাকর্মসূচী। স্বেচ্ছাকর্মসূচীটিতে রাষ্ট্রগুলির লংলাইন দ্বারা মৎস্য শিকারে সামুদ্রিক পাখির আনুষঙ্গিক ক্যাচ রোধের বাস্তবায়নে যা কার্যক্রম নেওয়া হবে অথবা আদৌ এই সমস্যা বিদ্যমান কিনা তার একটি মূল্যায়ন করা সম্বন্ধে নানান পদ্ধতি ব্যক্ত করেছে। সেইসাথে লং লাইন মৎস্যশিকারের জন্য সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ হ্রাস পদ্ধতি এবং প্রয়োজনীয়তা জাতীয় সামুদ্রিক পাখীর মৃত্যুহার কমানোর জন্য একটি জাতীয় কর্ম পরিকল্পনা (এন.পি.ও.এ-সামুদ্রিক পাখী) গ্রহণ করবেন। এই কর্মের বিশেষ ব্যবস্থা যা একটি ক্যালেন্ডার বছরে গ্রহণ করা হয়েছে বা করা উচিত এই প্রতিবেদনে তাই নির্দেশিত হয়েছে।

এছাড়াও আই.পি.ও.এ-সামুদ্রিক পাখী মধ্যে রাষ্ট্রের সামুদ্রিক পাখী এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী অন্তর্ভুক্ত করার জন্য বিবেচনা করা উচিত বিশেষ করে যাদের লং লাইন মৎস্যশিকারে সামুদ্রিক পাখীর সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ সমস্যা আছে তাদের উচিত তার উপযুক্ত প্রশমন ব্যবস্থা নির্ধারণ করা যা এই বিবরণে সংক্ষিপ্ত ভাবে উপলব্ধকরা হয়েছে। ইতিমধ্যেই প্রশমন ব্যবস্থা ব্যবহার বা বিকাশের প্রাথমিক পর্যায়ে আছে এমন কিছু তথ্য বর্ণনা এখানে করা হয়েছে, সঙ্গে উপযুক্ত তথ্য সূত্র প্রদান করা হয়েছে।

আই.পি.ও.এ-হাঙ্গর যা সব রাষ্ট্রের হাঙ্গর মৎস্যশিকারে নিয়োজিত জেলেদের জন্য প্রযোজ্য একটি স্বেচ্ছাকর্মসূচী। লেখাটি রাষ্ট্রগুলির হাঙ্গর শিকারে নিয়োজিত হাঙ্গরের আনুষঙ্গিক ক্যাচ রোধ এর বাস্তবায়নে যা কার্যক্রম নেওয়া হবে অথবা আদৌ এই সমস্যা বিদ্যমান কিনা তার একটি মূল্যায়ন করা সম্বন্ধে নানান পদ্ধতি ব্যক্ত করেছে। প্রতিবেদনটিতে শুধু মাত্র হাঙ্গর সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য কর্মের একটি জাতীয় পরিকল্পনা (এন.পি.ও.এ-হাঙ্গর) গ্রহণ, যাতে রাষ্ট্র হাঙ্গর এর বিদ্যমান সংরক্ষনের মূল্যায়ন সহ বাস্তবায়নে কার্যক্রম যা করা হচ্ছে, তার জাতীয় স্তরে পর্যালোচনা এবং প্রতিবেদনের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা ব্যক্ত করেছে। এই কর্মের বিশেষ ব্যবস্থা যা একটি ক্যালেন্ডার বছরে গ্রহণ করা হয়েছে বা করা উচিত এই প্রতিবেদনে তাই নির্দেশিত হয়েছে।

আই.পি.ও.এ- ক্যাপচার মৎস্যশিকারে নিয়োজিত সব রাষ্ট্রের জন্য প্রযোজ্য সামুদ্রিক মৎস্য শিকার ও পরিচালনার ব্যবস্থার জন্য আন্তর্জাতিক পরিকল্পনা একটি স্বেচ্ছাকর্ম পরিকল্পনা। নির্দেশিকার প্রথম অংশ কর্ম, নিম্নরেখাঙ্কিত নীতির আন্তর্জাতিক পরিকল্পনা প্রকৃতি এবং সুযোগ বর্ণনা করে এবং আই.পি.ও.এ উদ্দেশ্য সংজ্ঞায়িত করে, এবং বাকি অংশ জরুরী কর্ম বর্ণনা করে এবং বাস্তবায়নে যে সব উন্নীত প্রক্রিয়া তার উল্লেখ করা হয়েছে, জরুরী কর্ম মূল্যায়ন এবং মাছ ধরার ক্ষমতা পর্যবেক্ষণ এবং প্রস্তুতি এবং জাতীয় পরিকল্পনা বাস্তবায়নের অন্তর্ভুক্ত, বাস্তবায়ন উন্নীত প্রক্রিয়া, জাতীয় এবং আন্তর্জাতিক প্রতিবেদনের বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত সহযোগিতা এবং এফ এ ওর ভূমিকা আলোচনা করা হয়েছে, ক্যালেন্ডার বছর যে প্রস্তাবিত কর্ম সম্পন্ন করা উচিত তা, সনাক্ত করা হয়েছে।

বিষয়বস্তুঃ

পৃষ্ঠাঃ

- ১। লং লাইন (জাহাজের সঙ্গে যুক্তহুক দড়ি জাল)
দ্বারা মৎস্য শিকারে প্রাসঙ্গিক সামুদ্রিক পাখীর মৃত্যুহার
কমানোর জন্য আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা। 6
- ২। হাঙ্গর সংরক্ষণ এবং তার সূষ্ঠ পরিচালনার ব্যবস্থার জন্য
আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা। 20
- ৩। সামুদ্রিক মৎস্য শিকার ও পরিচালনার ব্যবস্থার জন্য
আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা। 30

লং লাইন দ্বারা মৎস্য শিকারে প্রাসঙ্গিক সামুদ্রিক পাখীর মৃত্যুহার কমানোর জন্য আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা।

ভূমিকাঃ

১। বিশ্বের বিভিন্ন বাণিজ্যিক জাহাজের সঙ্গে যুক্ত (লং লাইন জাল) হুক দড়ি জাল দ্বারা মৎস্য ধরা হচ্ছে এর ফলে আনুষঙ্গিক ভাবে সামুদ্রিক পাখীর শিকার উল্লেখ্য, এবং উদ্বেগজনক, এই আনুষঙ্গিক শিকার এর প্রভাব মাছ ধরার উৎপাদনশীলতা এবং লাভজনকতা উপর একটি বিরূপ প্রভাব ফেলতে পারে। সরকারী, বেসরকারি সংস্থা, এবং বাণিজ্যিক মৎস্য সমিতি এই (সামুদ্রিক পাখীর শিকার) সম্পর্কে উদ্বিগ্ন যার ফলে এই সংস্থা দেব পক্ষ থেকে লং লাইন জাল মৎস্য শিকারে সামুদ্রিক পাখীর মৃত্যুহার কমাতে ব্যবস্থা জন্য আবেদনও করা হয়েছে।

২। মহাসাগরের কিছু বিশেষ অংশে যেখানে মূল লং লাইন জাল দ্বারা মৎস্য শিকার করা হয় সেখানে টুনা, শোর্ড মাছ, সামুদ্রিক বিলমাছ (billfish) ধরা হয়। উত্তর মহাসাগরে পাতাগোনিয় মাছ, দক্ষিণ মহাসাগরে টুথ মাছ (toothfish), হালিবাট, কালো কড মাছ, প্রশান্ত মহাসাগরের কড মাছ, গ্রীনল্যান্ড উত্তর আটলান্টিক এ হালিবাট, হ্যাডক টাঙ্ক, লিঙ্ক জাতীয় মৎস্যবিশেষ শিকার করা হয়। প্যাসিফিক এবং আটলান্টিক মহাসাগরে মৎস্য শিকারে সবচেয়ে বেশী পরিমাণে যে সমস্ত প্রজাতির সামুদ্রিক পাখী ক্ষতিগ্রস্ত হয় তারা হল এলবার্ট্রস (albatrosses) এবং পেট্রেল পাখী (petrels) দক্ষিণ মহাসাগরে এলবার্ট্রস, উত্তর আটলান্টিক মহাসাগরে উত্তর ফুল্মার পাখী (fulmars) প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে গাংচিল/সী গাল এবং ফুল্মার পাখী (fulmars)।

৩। দক্ষিণসামুদ্রিক শিকার ও দক্ষিণ মহাসাগর মধ্যে বাণিজ্যিক মৎস্য শিকার করার সময় যাতে সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক শিকার কমাতে বা সেগুলিকে সংরক্ষণ করার প্রয়োজনে দি কমিশন ফর দি কনসারভেশন অফ আন্টার্টিক মেরিন লিভিং রিসোর্সেস (সি.সি.এ.এম.এল.আর) স্থাপিত হয়। ১৯৯২ সালে এই কমিশন তার ২৩ সদস্য দেশ এর জন্য সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক শিকার প্রশমন এর ব্যবস্থা গৃহীত করেন।

৪। দক্ষিণ রুফিন টুনা সংরক্ষণ, দক্ষিণ রুফিন টুনা সংরক্ষণ সংস্থা (সি.সি.এস.বি.টি) এর পৃষ্ঠপোষকতায়, অস্ট্রেলিয়া, জাপান এবং নিউজিল্যান্ড কমিশনের অধীনে একটি অনুধ্যান

করেন এবং ১৯৯৪ সাল থেকে সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ভাবে শিকার প্রশমন এর পদক্ষেপ গ্রহণ করেছেন। ১৯৯৫ সালে দক্ষিণ ব্রুফিন টুনা সংরক্ষন সংস্থা লং লাইন মাছ শিকারের দ্বারা সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক মৃত্যুহার সহ পরিবেশগত সম্পর্কিত বিভিন্ন পক্ষীপ্রজাতির সংরক্ষণ সংক্রান্ত একটি সুপারিশ গৃহীত হয়। এই সুপারিশ এ তথ্য এবং তথ্য সংগ্রহের উপর একটি নীতি এবং প্রশমন ব্যবস্থা, সেইসাথে শিক্ষা, তথ্য আদান এর সব শর্ত দেওয়া হয়েছে। দক্ষিণ ব্রুফিন টুনা সংরক্ষন সংস্থা এর সদস্য দেশগুলির সামুদ্রিক পাখী ভীতি প্রদর্শনের জন্য ভীতি প্রদর্শন লাইন এ টোরি খুঁটিব্যবহার তাদের মৎস্যশিকারে বাধ্যতামূলক করেছেন।

৫। আমেরিকা যুক্তরাষ্ট্র ১৯৯৭ সালে তাদের বেরিংসাগর / আলেউত দ্বীপপুঞ্জ এবং আলাস্কা উপসাগর গ্রাউন্ডমাছএর লংলাইন জাল মৎস্যশিকারে সামুদ্রিক পাখীর শিকার আনুষঙ্গিক ভাবে হ্রাস করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। এছাড়াও ১৯৯৮ হ্যালিবাট মৎস্য শিকারের ক্ষেত্রে সামুদ্রিক পাখী শিকার আনুষঙ্গিক ভাবে হ্রাস করার প্রবিধান করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্র তার হাওয়াইয়ান সামুদ্রিক লং লাইন জাল এ মৎস্য শিকারে বর্তমানে সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ প্রশমিত ব্যবস্থা যাতে উন্নয়নশীল হয় তার ব্যবস্থা গ্রহণ করেছেন। বিভিন্ন দেশের নানান বাণিজ্যিক লং লাইন জাল, এবং সাধারণ লং লাইন জাল মৎস্য শিকারে সামুদ্রিক পক্ষীপ্রজাতির শিকার রোধ ও সংরক্ষণ জন্য একইভাবে অনুরূপ প্রশমন ব্যবস্থা গ্রহণ করেছেন।

উৎসঃ

৬। লং লাইন জাল মৎস্যশিকার জন্য সামুদ্রিক পাখী দের মৃত্যু এবং জনগনের উপর তার সম্ভাব্য নেতিবাচক প্রভাব সম্পর্কে একটি বর্ধিত সচেতনতা লক্ষ্য করে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফ এ ও) ২২ তম অধিবেশনে ১৯৯৭ সালের মার্চ মাসে একটি বিশেষজ্ঞ কমিটি (কমিটি অন ফিসারিস-সি.ও.এফ.আই) সংগঠিত করার প্রস্তাব দেওয়া হয়। এই প্রস্তাবনায় যেমন আনুষঙ্গিক ক্যাচ কমানোর জন্য একটি নেতৃত্বান্বিত নির্দেশিকা ও একটি কর্মপরিকল্পনা তৈরীর কথা ঠিক হয়েছিল এর জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ নিয়ে পরবর্তী অধিবেশনে আলোচনার সিদ্ধান্ত হয়।

৭। লং লাইন মৎস্য শিকারে সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ হ্রাস করার জন্য একটি আন্তর্জাতিক কর্মপরিকল্পনা- সামুদ্রিক পাখী (আই.পি.ও.এ- সামুদ্রিক পাখী) ১৯৯৮ সালের ২৫-২৭ মার্চ টোকিও তে একটি প্রযুক্তিগত ওয়ার্কিং গ্রুপের সভায় তৈরী হয়। ১৯৯৮ সালের

২২-২৪ জুলাই রোম এ উপকূলীয় জমিতে মাছধরার পরিমাণ, হাঙ্গর মৎস্য ম্যানেজমেন্ট এবং লং লাইন মৎস্যশিকারে সামুদ্রিক পাখীর মধ্যে আনুষঙ্গিক ক্যাচ এর উপর প্রকৃতি এবং সুযোগ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভা এবং ১৯৯৮ সালের ২৬-৩০শে অক্টোবরে একটি পরামর্শ মূলক মিটিং অনুষ্ঠিত হয়।

প্রকৃতি এবং সুযোগ

৮। আই.পি.ও.এ- সামুদ্রিক পাখী একটি স্বেচ্ছা নির্দেশিকা যার দ্বারা কর্মপরিকল্পনা হিসাবে মৎস্যশিকারের কোড অফ কন্ডাক্ট এর কাঠামোর মধ্যে , ধারা ২ (ঘ) এ এটির দায় ও কাজ বর্ণনা করা হয়েছে। এই স্বেচ্ছা নির্দেশিকায় কোড অফ কন্ডাক্ট ধারা ৩ এর বিধান ব্যাখ্যা এবং আবেদন এবং অন্যান্য আন্তর্জাতিক অংশগ্রহনকারীর সঙ্গে তার সম্পর্কে বর্ণনা করা হয়েছে। সংশ্লিষ্ট সকল রাষ্ট্রকে তা বাস্তবায়ন করার পরামর্শ দেওয়া হয়েছে।

৯। আই.পি.ও.এ- সামুদ্রিক পাখী , লং লাইন জাল আচারবিধি যে সকল রাষ্ট্র এবং অন্যান্য রাষ্ট্রের একচেটিয়া অর্থনৈতিক অঞ্চল (ই.ই.জেড) এবং দূরসমুদ্র যেখানে লং লাইন মৎস্যশিকার তাদের নিজস্ব বা বিদেশী জাহাজ দ্বারা পরিচালিত হচ্ছে তাদের জন্য প্রযোজ্য।

উদ্দেশ্যঃ

১০। আই.পি.ও.এ- সামুদ্রিক পাখীর উদ্দেশ্য বিশেষ করে কোড অফ কন্ডাক্ট এর ধারা ৭.৬.৯. এবং ৮.৫ উদ্দেশ্য হল এই পরিস্থিতিতে যেখানে লং লাইন জাল মৎস্যশিকার হচ্ছে সেখানে সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ হ্রাস যেন গ্রহণ করা হয়।

বাস্তবায়নঃ

১১। আই.পি.ও.এ- সামুদ্রিক পাখী বাস্তবায়নে রাষ্ট্রের একটি কার্যক্রমসূচী চালান উচিত। এই প্রাসঙ্গিক কার্যক্রমসূচী আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সঙ্গে একত্রে উপযুক্ত ভাবে সম্পন্ন করতে হবে। সঠিক কার্যক্রমসূচী লং লাইন জাল মৎস্যশিকার সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ একটি মূল্যায়ন উপর ভিত্তি করে করা হবে।

১২। লংলাইন মৎস্য শিকার এর সঙ্গে যুক্ত রাষ্ট্ররা সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ একটি বিদ্যমান সমস্যা কিনা তার একটি মূল্যায়ন করবেন। এই সমস্যা উপস্থিত থাকলে, রাষ্ট্র এর লং লাইন মৎস্যশিকার এর আনুষঙ্গিক ক্যাচ হ্রাস করার জন্য একটি জাতীয় কর্মপরিকল্পনা গ্রহণ করবেন (এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী) । ("লং লাইন মৎস্যশিকারে

(এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী) মধ্যে সামুদ্রিক পাখী প্রাসঙ্গিক ক্যাচ হ্রাস করার জন্য কর্মের একটি জাতীয় পরিকল্পনা উন্নয়নশীল প্রযুক্তিগত উল্লেখ্য সংক্রান্ত নোট" নিচে দেখুন)। রাষ্ট্র এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীর উন্নয়নশীল অভিজ্ঞতা এফ এ ও বিশেষজ্ঞদের একটি তালিকা উপযুক্ত হিসেবে বিবেচনায় নেওয়া হবে এবং আঞ্চলিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের অর্জিত অভিজ্ঞতা এবং এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী উন্নয়নের সঙ্গে সংযোগ ব্যবহারের জন্য দেশে কারিগরি সহযোগিতায় একটি প্রক্রিয়া প্রদান করা উচিত।

১৩। যে সকল রাষ্ট্র মনে করেন বিদ্যমান মৎস্যশিকার ও / বা নতুন লং লাইন জাল মৎস্য শিকার উন্নয়নে এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীর প্রয়োজন নেই তাদের বিশেষ করে মৎস্য অ্যাকাউন্ট পরিবর্তন একটি নিয়মিত ভিত্তিতে সিদ্ধান্ত পর্যালোচনা করা উচিত। পরবর্তী মূল্যায়ন উপর ভিত্তি করে রাষ্ট্রে যদি এই সমস্যা বিদ্যমান হয় তাহলে তারা এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী বাস্তবায়ন এর অনুচ্ছেদ ১২ বিবেচ্য পদ্ধতি দুই বছরের মধ্যে অনুসরণ করবেন।

১৪। এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী এর মূল্যায়ন প্রতিটি প্রাসঙ্গিক রাষ্ট্র এর একটি অংশ হিসাবে অন্তর্ভুক্ত করা উচিত।

১৫। প্রতিটি রাষ্ট্র তার এন.পি.ও.এসামুদ্রিক পাখীর নকশা, বাস্তবায়ন এবং নিরীক্ষণের জন্য দায়বদ্ধ।

১৬। যে রাষ্ট্র স্বীকার করে যে লং লাইন মৎস্য শিকার অনন্য এবং উপযুক্ত তার সংশ্লিষ্ট মৎস্যশিকার সরাসরি মূল্যায়নের মাধ্যমে প্রশমন ব্যবস্থা সনাক্তকরণ ও অর্জন করা সম্ভব। কিছু লং লাইন মৎস্যশিকার এ যেখানে সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ ঘটে সেখানে যে প্রশমন ব্যবস্থার কারিগরী ও উন্নয়ন কর্মক্ষম বা যা বর্তমান তা নথিভুক্ত করতে হবে। বিভিন্ন রাষ্ট্রের দ্বারা উন্নত ব্যবস্থার এই নথিতে (লং লাইন মৎস্য শিকারে সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ হ্রাস করার জন্য কর্মের একটি জাতীয় পরিকল্পনা উন্নয়নশীল উপর প্রযুক্তি সংক্রান্ত নোট) এই প্রযুক্তি সংক্রান্ত নোট মধ্যে তালিকাভুক্ত করা হয়। এই তালিকা উন্নত করা হতে পারে যাতে নিযুক্ত রাষ্ট্রের অন্যান্য উপযুক্ত ব্যবস্থা ব্যবহারের সিদ্ধান্ত ক্ষুণ্ণ হবে না। বর্তমানে ব্যবহৃত বা উন্নয়ন অধীনে প্রশমন ব্যবস্থা আরও ব্যাপক বর্ণনা ও আলোচনা এফ এ ও র মৎস্য সার্কুলার নং ৯৩৭ এ পাওয়া যাবে।

১৭। রাষ্ট্র ২০০১ সালে নেওয়া কমিটি অন ফিসারিস-সি.ও.এফ.আই সেশন নেওয়া সিদ্ধান্ত এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীর বাস্তবায়ন শুরু করা উচিত।

১৮। প্রতিটি রাষ্ট্র এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী বাস্তবায়নে নিয়মিত ভাবে অন্তত প্রতি চার বছর অন্তর, এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী কার্যকারিতা বৃদ্ধির জন্য খরচ চিহ্নিতকরণ ও কার্যকরী কৌশল এর সামঞ্জস্য বজায় রাখার উদ্দেশ্যে তাদের বাস্তবায়নের মূল্যায়ন করবেন।

১৯। রাষ্ট্রগুলি, তাদের নিজ নিজ ক্ষমতার সূচী এবং আন্তর্জাতিক আইন এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ লং লাইন মৎস্যশিকার ও সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ কমাতে, আঞ্চলিক এবং উপআঞ্চলিক মৎস্য সংস্থা বা অন্যান্য ব্যবস্থাপনার সঙ্গে সহযোগিতা করতে আশ্রয় চেষ্টা করবেন।

২০। আই.পি.ও.এ- সামুদ্রিক পাখী বাস্তবায়নে রাষ্ট্র স্বীকার করে যে অন্যান্য লং লাইন মৎস্যশিকার করা রাষ্ট্রগুলির সঙ্গে সহযোগিতা খুবই গুরুত্বপূর্ণ, যাতে সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ কমানোর অপরিহার্যতা একটি আন্তর্জাতিক (গ্লোবাল) সমস্যা হিসাবে চিহ্নিত করা হয়। প্রতিটি রাষ্ট্রের উচিত এফ এ ও এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক ব্যবস্থাপনার মাধ্যমে গবেষণা, প্রশিক্ষণ ও তথ্য প্রচারমূলক উপাদান উৎপাদনে সহযোগিতার আশ্রয় চেষ্টা করা।

২১। রাষ্ট্র তাদের সামুদ্রিক পাখী এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীর মূল্যায়ন, উন্নয়ন ও বাস্তবায়নের অগ্রগতির রিপোর্ট দ্বিবার্ষিক প্রতিবেদনের মাধ্যমে দায়ী মৎস্যশিকারের কোড অফ কন্ট্রোল উপর ভিত্তি করে এফ এ ও কে প্রদান করবেন।

এফ. এ. ও র ভূমিকাঃ

২২। এফ এ ও তার সম্মেলন ও তার নিয়মিত কার্যক্রমের অংশ এর নির্দেশ হিসাবে আই.পি.ও.এ- সামুদ্রিক পাখী বাস্তবায়নে রাষ্ট্রকে সমর্থন করবে।

২৩। এফ.এ.ও, এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীকে, সামুদ্রিক পাখীর উন্নয়ন ও বাস্তবায়ন সমর্থন করার উদ্দেশ্যে তার সম্মেলন দ্বারা নির্দেশ এর ভিত্তিতে নিয়মিত প্রোগ্রাম তহবিলের সঙ্গে নির্দিষ্ট, বিভিন্ন রাষ্ট্রে প্রযুক্তিগত সহায়তা প্রকল্পের মাধ্যমে এবং প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য অতিরিক্ত - বাজেট তহবিল ব্যবহার করবে বা উপলব্ধ করবেন।

২৪। এফ. এ. ও, সি.ও.এফ.আই এর মাধ্যমে দ্বিবার্ষিক প্রতিবেদনের দ্বারা, আই.পি.ও.এ- সামুদ্রিক পাখী বাস্তবায়ন অগ্রগতি রিপোর্ট করবেন।

লং লাইন মৎস্যশিকারে (এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী) মধ্যে সামুদ্রিক পাখী প্রাসঙ্গিক ক্যাচ হ্রাস করার জন্য কর্মের একটি জাতীয় পরিকল্পনা উন্নয়নশীল প্রযুক্তিগত উল্লেখ্য সংক্রান্ত নোট

এই তালিকা একটি একচেটিয়া বা সমস্ত কিছু কে একত্রিত করে না কিন্তু সামুদ্রিক পাখী শিকার হ্রাসে এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী প্রস্তুতির জন্য পথনির্দেশ দেয়। এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী একটি কর্মপরিকল্পনা যা একটি রাষ্ট্র ডিজাইন, কার্যকরী এবং মনিটর করেন যাতে লং লাইন মৎস্যশিকারের দ্বারা সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ কমেতে সাহায্য করে।

১। মূল্যায়ন বা অ্যাসেসমেন্ট

১. রাষ্ট্র লং লাইন মৎস্য শিকারে সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ নির্ধারণের ক্ষেত্রে পরিমাণ ও প্রকৃতি নির্ধারণ করাই মূল্যায়নের উদ্দেশ্য।

২. মূল্যায়ন এ, নিম্নলিখিত বিষয়গুলি সংগ্রহ এবং বিশ্লেষণ অন্তর্ভুক্ত থাকতে পারে:

- এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীর প্রয়োজন নির্ণয় করার ব্যবহৃত মানদণ্ড.
- মাছ ধরার জাহাজ এর তথ্য (আকার মাধ্যমে জাহাজ সংখ্যা).
- মাছ ধরার কৌশল তথ্য (তলবাসী, সামুদ্রিক পদ্ধতি,).
- মাছধরার এলাকা,
- লং লাইন দ্বারা মৎস্য শিকার প্রচেষ্টা. (ঋতু, প্রজাতি, ক্যাচ, হুকের সংখ্যা/ বছর/ মৎস্য শিকার),
- মাছ ধরার এলাকায় সামুদ্রিক পাখীর সংখ্যা,
- সামুদ্রিক পাখীর মোট বার্ষিক ক্যাচ প্রতি হাজার লং লাইন হুকে/ প্রজাতির সংখ্যা
- বর্তমান প্রশমন ব্যবহার ব্যবস্থা এবং সামুদ্রিক পাখী ক্যাচ আনুষঙ্গিক কমাতে তাদের কার্যকারিতা,
- সামুদ্রিক পাখী আনুষঙ্গিক ক্যাচ পর্যবেক্ষণ (পর্যবেক্ষণ প্রোগ্রাম, ইত্যাদি).
- সামুদ্রিক পাখী এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী বাস্তবায়ন সিদ্ধান্তে এবং একটি সিদ্ধান্ত বিবৃতি কার্যকরী করা।

এন.পি.ও.এ--সামুদ্রিক পাখী

এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীতে নিম্নলিখিত উপাদানগুলি থাকতে পারে:

১। প্রশমন ব্যবস্থা ও প্রেসক্রিপশনঃ

এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী এর উপযুক্ত প্রশমন পদ্ধতি নির্ধারণ করা উচিত। যার একটি প্রমাণিত দক্ষতা আছে, এবং মাছ ধরার শিল্প জন্য অর্থ কার্যকর হওয়া উচিত। বিভিন্ন প্রশমন ব্যবস্থা বা পদ্ধতির (ডিভাইসের) মিশ্রন দ্বারা প্রশমন ব্যবস্থার কার্যকারিতা যদি উন্নত করা যায়, তাহলে তা প্রতিটি রাষ্ট্র সুবিধাজনক প্রয়োজন অনুযায়ী এবং তাদের নির্দিষ্ট লং লাইন মৎস্য শিকার এর বিশেষ পরিস্থিতিতে বিভিন্ন ব্যবস্থা সম্ভাবনার বাস্তবায়ন করতে পারেন।

২। গবেষণা ও উন্নয়ন

এন.পি.ও.এ- সামুদ্রিক পাখী, গবেষণা এবং উন্নয়নের জন্য কর্ম পরিকল্পনা থাকা উচিত যার লক্ষ্য হবে: (১) সবচেয়ে বাস্তব এবং কার্যকর সামুদ্রিক পাখী প্রতিবন্ধক (ডিভাইস) পদ্ধতির এর বিকাশ; (২) অন্যান্য প্রযুক্তির চর্চা ও উন্নতি যাতে সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাপচার কমান যায় ; এবং ৩) এই সমস্যার প্রশমন এর জন্য নির্দিষ্ট গবেষণা ব্যবস্থা করা উচিত।

৩। শিক্ষা, প্রশিক্ষণ ও প্রচারঃ

সামুদ্রিক পাখী এন.পি.ও.এ, সামুদ্রিক পাখী যেখানে longline মৎস্যশিকার হয় সেখানে সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ কমানোর প্রয়োজন সম্পর্কে, মাছ ধরার অ্যাসোসিয়েশন গুলো এবং অন্যান্য প্রাসঙ্গিক গ্রুপ এর মধ্যে সচেতনতা বাড়াতে ব্যবস্থা নেওয়া উচিত; এই প্রসঙ্গে জাতীয় ও আন্তর্জাতিক কর্ম এবং লং লাইন মৎস্যশিকারে সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ অন্যান্য তথ্য পরিকল্পনা; এবং জাতীয় শিল্প, গবেষণা এবং নিজস্ব প্রশাসন মধ্যে এন.পি.ও.এ- সামুদ্রিক পাখীর বাস্তবায়ন উন্নীত করা উচিত।

সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ হ্রাস করার জন্য প্রযুক্তিগত বা আর্থিক সহায়তা সম্পর্কে তথ্য প্রদান।

মাছ শিকারি, সমুদ্রগামী মৎস্য শিকারি , মৎস্য ম্যানেজার, গিয়ার্ নির্মাতা প্রযুক্তিবিদ, সামুদ্রিক স্থপতি, জাহাজ নির্মাতা, এবং সংরক্ষণবাদীর ও পাবলিক অন্যান্য আগ্রহী সদস্যদের জন্য

পূনর্বাসনে বিশেষ পরিকল্পনা বাস্তবায়ন করার পরিকল্পনা বর্ণনা করা উচিত। এই প্রোগ্রাম বা কর্ম পদ্ধতিতে আনুষঙ্গিক সামুদ্রিক পাখীর ক্যাচ এবং প্রশমন ব্যবস্থা ব্যবহারের ফলে সমস্যাটির উন্নতি বোঝার লক্ষ্য হওয়া উচিত। এছাড়া ও বৃহত্তর কর্মসূচী (আউটরিচ প্রোগ্রাম) যথা শিক্ষাগত পাঠক্রম, ভিডিও, হ্যান্ডবুকস, স্মারনিকা এবং পোস্টার মাধ্যমে বিস্তার ঘটানোর জন্য নির্দেশিকায় অন্তর্ভুক্ত থাকতে পারে। এই কর্ম পদ্ধতিতে উভয়তঃ সংরক্ষণ দিক এবং সামুদ্রিক পাখীর ক্ষতি নির্মূল করে প্রত্যাশিত সংখ্যার বৃদ্ধি ও মাছ ধরার দক্ষতা প্রসঙ্গত অর্থনৈতিক সুবিধা উপর ফোকাস করা উচিত।

৪। ডেটা বা তথ্য সংগ্রহ

এই কর্ম পদ্ধতিতে লং লাইন মৎস্য শিকারে সামুদ্রিক পাখীর আনুষঙ্গিক ক্যাচ এবং তার প্রশমন ব্যবস্থা কার্যকারিতা করার নির্ধারণে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ করা উচিত। এই ধরনের কর্মে জাহাজে উপস্থিত পর্যবেক্ষক ব্যবহার করা যেতে পারে।

লং লাইন মৎস্য শিকারে মধ্যে প্রাসঙ্গিক ক্যাচ কমানোর জন্য কিছু ঐচ্ছিক কারিগরী ও কর্মক্ষম ব্যবস্থা প্রযুক্তিগত উল্লেখ্যঃ

১। সূচনা

পাখীর এর আনুষঙ্গিক ক্যাচ কমাতে উল্লেখ করা উচিত যে, বেটেড হুক সংখ্যা কমান অপরিহার্য যাতে সামুদ্রিক পাখী এর অপ্রত্যাশিত সাক্ষাৎ না হয়। এটা সমন্বয়ে ব্যবহৃত হলে, অপশন ও প্রশমন কার্যকারিতা উন্নত করতে পারে।

প্রতিটি ব্যবস্থার জন্য, জেলেকে জড়িত খরচ এর সংক্ষেপে কার্যকারিতার উপস্থাপন করা উচিত। এই উপস্থাপনায়, "কার্যকারিতা"কে সংজ্ঞায়িত করা হয় এই ভাবে যে কি পরিমাণ ব্যবস্থা সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ হ্রাস হবে, "খরচ" সংজ্ঞায়িত করা হয় প্রাথমিক খরচ বা বিনিয়োগ এবং কোনো চালু কর্মক্ষম এর খরচ হিসাবে।

অন্যান্য প্রযুক্তিগত উপশন এর নতুন প্রশমন ব্যবস্থা বিকশিত হতে পারে যার উন্নয়ন বর্তমানে গবেষক দের কাজ সুতরাং ব্যবস্থার তালিকা সময়ের সঙ্গে বাড়ার সম্ভাবনা আছে।

যদি প্রশমন ব্যবস্থার কার্যকারিতা বিভিন্ন প্রশমন ব্যবস্থা বা ডিভাইসের মিশ্রণ দ্বারা উন্নত করা যায়, তাহলে প্রতিটি রাষ্ট্র এটিকে তাদের সুবিধাজনক অবস্থার জন্য আরো উপযুক্ত এবং

তাদের নির্দিষ্ট লং লাইন মৎস্যশিকারের চাহিদা প্রতিফলিত করে এমন বিভিন্ন ধরনের ব্যবস্থা বাস্তবায়ন করতে পারে।

নীচের তালিকাটি বাধ্যতামূলক বা সম্পূর্ণ বিবেচনা করা উচিত নয় এবং এফ এ ও ব্যবহার বা উন্নয়নের পর্যায়ে রয়েছে এমন একটি তথ্য ভান্ডার সংরক্ষণ করবে।

২। প্রযুক্তিগত ব্যবস্থা

১. টোপ গুলিতে ভার এর হার বৃদ্ধি

ক) লং লাইন গিয়ার্ সিল্ক এর ভার বৃদ্ধি

ধারণা: বেইটেড হুকসমূহের গতি বৃদ্ধি ও ডুবিয়ে রাখার পদ্ধতি যার ফলে সামুদ্রিক পাখীদের কাছে তাদের এক্সপোজার সময় কমে যায়।

কার্যকারিতা: পরীক্ষামূলক গবেষণায় দেখা গেছে হুকসমূহের উপযুক্ত ভার বৃদ্ধি পাখির টোপ এর ক্ষতি এড়ানো অত্যন্ত কার্যকরী হতে পারে।

খরচঃ মাছ ধরার সময় ভারী গিয়ার্ নির্মান বা ওজন বৃদ্ধি প্রাথমিক ক্রয় খরচ হয়।

খ) গলান (Thawing) টোপ

ধারণা: প্লবতা সমস্যার সমাধানের জন্য গলান টোপ এবং / অথবা স্নানের ব্লাডারগুলি ছিদ্র করে টোপ ব্যবহার।

কার্যকারিতা: দেখা গেছে যে গলান টোপ ব্যবহার যখন করা হয় তখন সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ হার কমে যায়। এটি ও দেখা গেছে যে মাছ ধরার সময় চ্যাপ্টা স্নানের ব্লাডার এর টোপ স্ফীত স্নানের ব্লাডারের তুলনায় আরো দ্রুত ডুবে যায়।

খরচ: সম্ভাব্য ভাসা ক্ষতিপূরণ টোপ গলান র্যাক এর জন্য বাড়তি খরচ এয়ার থলে কেনা বা অতিরিক্ত ওজন অন্তর্ভুক্ত করা।

গ) লাইন-সেটিং মেশিন

ধারণা: ডুবন্ত লাইন গিয়ার্ বৃদ্ধি স্থাপন এর মাধ্যমে লাইন এর টান কম হয়।

কার্যকারীতা: যদিওএর কোন পরিমাণগত মূল্যায়ন করা হয়নি, তবু ধরা হয় যে এই অনুশীলন এর ফলে ডুবন্ত লাইন স্থাপিত হবে বেইটেড হুক সমূহ দ্রুত প্রাপ্যতা হ্রাস আরো যার ফলে সামুদ্রিক পাখী রা এতে আটকাবে না।

খরচ: একটি লাইন সেটিং ডিভাইস কেনার কিছু প্রাথমিক খরচ অন্তর্ভুক্ত থাকতে পারে।

২. নীচের-জল সেটিং জলপ্রপাত, ক্যাপসুল, বা ফানেল

ধারণা: জলের নীচে লাইন সেটিং বেইটেড হুকসমূহ দ্বারা সামুদ্রিক পাখী অধিগমন প্রতিরোধকরা।

কার্যকারীতা: এখনও ডুবো সেটিং ডিভাইস উন্নয়নের অধীন কিন্তু এর উচ্চ কার্যকারিতা হতে পারে।

খরচ: ডুবো সেটিং ডিভাইস কেনার প্রাথমিক খরচ অন্তর্ভুক্ত করা হবে।

৩. যেখানে **বেইটেড** হুক জলে প্রবেশ করে সেই এলাকার উপর বা স্থানে পাখি **ভীতি প্রদর্শন** (ভীতি প্রদর্শনের) লাইন স্থাপন করা।

ধারণা: যেখানে বেইটেড হুক জলে প্রবেশ করে সেই এলাকার উপর বা স্থানে বেইটেড হুক জলে প্রবেশ করার জায়গায় পাখী কে ভীতি প্রদর্শনের মাধ্যমে তাদের অধিগমন কে প্রতিরোধকরা। এই ভীতি প্রদর্শনের লাইন এর দ্বারা পাখিকে নিরুৎসাহিত করার জন্য যে ডিজাইন করা হয় তার নকশা বিশেষ, তা জাহাজ অনুযায়ী বা ক্ষেত্র বিশেষে পরিবর্তিত হতে পারে।

মাছ ধরার অপারেশন, এবং অবস্থান এবং তার কার্যকারিতা জটিল, আলোকরশ্মি লাইন এবং টানা বয়া এই প্রকৌশল এর এক বিশেষ উদাহরণ।

কার্যকারীতা: সঠিকভাবে পরিকল্পিত এবং ব্যবহৃত এই ডিভাইসের উল্লেখযোগ্য কার্যকারিতা প্রদর্শিত হয়েছে।

খরচ: পাখি ভীতি প্রদর্শন লাইন ক্রয় এবং তা লাগানর জন্য সাধারণ প্রাথমিক খরচ।

৪. টোপ নিষ্ক্ষেপণ যন্ত্র

ধারণা: জাহাজ চালক দ্বারা সৃষ্ট টেউ এর স্থানে একটি পাখি লাইন দ্বারা এলাকায় টোপ ব্যবহারে পাখিদের সুরক্ষিত করার ব্যবস্থা।

কার্যকারিতা: পাখি ভীতি প্রদর্শনলাইন রক্ষার এলাকায় বেইটেড হুকলাইন টোপ ব্যবহারে পাখি দের প্রাপ্যতা হ্রাস করা হয়। একটি পাখি ভীতি প্রদর্শন লাইন ছাড়া বা একটি পাখি ভীতি প্রদর্শন লাইন দ্বারা টোপদান সুরক্ষিত হয় না যা বেইটেড হুকলাইন টোপদান মেশিন ব্যবহার দ্বারা কমান যায়। তবে পদ্ধতিটির ব্যবহার এখনো পুরোপুরি নির্ধারণ করা যায়নি।

খরচ: একটি বেইটেড হুকলাইন টোপদান মেশিন কেনার সাধারণ বা উচ্চ খরচ অন্তর্ভুক্ত করা যেতে পারে।

৫. পাখি ভীতি প্রদর্শনের (ভ দর্শন) পরদা

ধারণা: একটি পাখি পরদার দ্বারা বেইটেড হুকলাইন থেকে মাছ ছিনিয়ে সময় দের নিরস্ত করা।

কার্যকারিতা: পাখি ভীতি পরদা ব্যবহার করে কার্যকরভাবে অকল্পনীয় পাখি নিরস্ত করা যাবে এর প্রমাণ আছে।

খরচ: উপকরণ জন্য নিম্ন বা সাধারণ খরচ হবে।

৬. কৃত্রিম টোপ বা লিগুর

ধারণা: অরুচিকর টোপ এর ব্যবহার করে পাখির প্রাপ্যতা হ্রাস করা

কার্যকারিতা: অরুচিকর নতুন টোপ এর ব্যবহার করে পাখির প্রাপ্যতা হ্রাস করা এখনও পরীক্ষামূলক এবং এর কার্যকারিতা এখনো ব্যবহার করে দেখার দরকার আছে।

খরচ: বর্তমানে অজানা.

৭. হকের পরিবর্তন

ধারণা: এমন ধরনের হুক ব্যবহার করা যাতে করে পাখিরা যখন একটি বেইটেড হুক আক্রমণ করে তখন তাদের ধরা পড়ার সম্ভাবনা কম থাকে।

কার্যকারীতা: ছক আকার সামুদ্রিক পাখী প্রজাতির আনুষঙ্গিক ধরা প্রভাবিত করতে পারে। যা হোক ছক আকার পরিবর্তনের প্রভাব পাখি ধরার পরিমাণ কতটা কমাতে পারবে তা এখনো অজানা।

খরচ: অজানা।

৮. ধ্বনি প্রতিবন্ধক

ধারণা: যেমন উচ্চ ফ্রিকোয়েন্সির শব্দ, উচ্চ ভলিউম, পীড়াদায়ক শব্দ হিসাবে ব্যবহার করে লং লাইন থেকে পাখিকে বিরত রাখা।

কার্যকারীতা: সামুদ্রিক পটভূমির গোলমালের শব্দএ পাখিরা অভ্যস্ত তাই এই পদ্ধতি কতটা কার্যকর হবে তার সম্ভাবনা কম।

খরচ: অজানা।

৯. জল কামান

ধারণা: উচ্চ চাপ জল ব্যবহার করে বেইটেড ছকসমূহ গোপন রাখা।

কার্যকারীতা: এই পদ্ধতির কার্যকারিতা সম্পর্কে কোন নির্দিষ্ট উপসংহার নেই।

খরচ: অজানা।

১০. চৌম্বক প্রতিবন্ধক

ধারণা: চৌম্বকীয় ক্ষেত্র তৈরি করে পাখিকে চৌম্বক রিসেপ্টর এর মাধ্যমে বিভ্রান্ত করা।

কার্যকারীতা: ব্যবহারিক পরীক্ষায় প্রভাব এর কোন ইঙ্গিত এখনো নেই।

খরচ: অজানা

৩। কর্মক্ষম ব্যবস্থা

১। টোপের (নাইট সেটিং) দৃশ্যমানতা হ্রাসঃ

ধারণাঃ জলে বেইটেড ছক সমূহকে অন্ধকার এরসময় সেটকরা এবং আলোক বিচ্ছুরণ কমান।

কার্যকারীতা: এই পদ্ধতি সাধারণত অভ্যন্তরীণ কার্যকর হচ্ছে হিসাবে স্বীকৃত। তবে, এর কার্যকারিতা মাছ ধরার মরসুমে ভিত্তিতে এবং সামুদ্রিক পাখী প্রজাতি অনুযায়ী মধ্যে ভিন্ন রকমের হতে পারে। পূর্ণিমার আগে এর কার্যকারীতা প্রায় হ্রাস পায়।

খরচ: একটি সীমাবদ্ধতা হল অন্ধকার সময়ে ছকলাইনের সেটিং মাছ ধরার ক্ষমতা প্রভাবিত করতে পারে বিশেষত ছোট লং লাইনারদের ক্ষেত্রে। আলোর উপযুক্ত ব্যবস্থা নিতে করতে সাধারণ খরচ হতে পারে।

এ ধরনের বাধ্যবাধকতার সময় একটি সংক্ষিপ্ত সময়ের অধিক মাছ ধরার প্রবনতার জন্য ব্যয়বহুল প্রযুক্তি বিনিয়োগের প্রয়োজন ঘটাতে পারে।

২। সামুদ্রিক পাখীদের জাহাজের প্রতি আকর্ষণ হ্রাসঃ

ধারণা: সামুদ্রিক পাখীদের জাহাজের প্রতি আকর্ষণ হ্রাসের ব্যবস্থা নিতে হবে যেমন জাহাজ থেকে খালাস সামগ্রী (যেমন মাছ পরিত্যাগ করা, আবর্জনা ফেলা) যা সামুদ্রিক পাখী দের আকর্ষণ করে তা একটি নির্দিষ্ট সময়ে করতে হবে। উল্লেখ্য জাহাজ থেকে খালাস সামগ্রী (যেমন মাছ পরিত্যাগ, আবর্জনা ফেলা) বাতিল মাছ, আবর্জনা, মাছ এর মাথা, ডাম্পিং এর জন্য এমবেডেড ছকসমূহের মাধ্যমে করা হবে। আবর্জনা ডাম্পিং যদি একান্তই অপরিহার্য হয় এটা রেখা নির্ধারণ করা হচ্ছে যেখানে পাখি আকৃষ্ট হয় না যে এমনভাবে (যেমন রাতে) জাহাজের বিপরীত দিকে সম্পন্ন করতে হবে।

কার্যকারীতা: বাজে জিনিস ফেলে দেওয়া একটি জটিল সমস্যা, এবং আজ পর্যন্ত গবেষণায় বিভিন্ন পদ্ধতি ব্যবহৃত হয়েছে।

খরচ: কম, কিছু পরিস্থিতিতে খরচ জাহাজের উপর আবর্জনা আবর্জনা সংবরণ সিস্টেমের বা পুনরায় কনফিগার করার জন্য যুক্ত হতে পারে।

৩। এলাকা এবং ঋতু বন্ধ (সিজিনাল ক্লোজার)

ধারণা: সামুদ্রিক পাখী এর প্রজনন ঋতুতে বা সামুদ্রিক পাখীর খাদ্য শিকারের এর সময় আনুষঙ্গিক ক্যাচ হ্রাস করা বা যাতে এড়ানো যায়।

কার্যকারীতা: এলাকা ভিত্তিক এবং ঋতু বন্ধ প্রয়োজ্য কার্যকর হতে পারে (যাতে প্রাপ্তবয়স্ক পাখিরা প্রজনন সাইট থেকে উচ্চ দূরত্ব দিয়ে উড়ে যেতে পারে) যদিও বড়ো মাছ ধরার জাহাজ এর স্থানপরিবর্তন অন্যান্য সামুদ্রিক পাখী এলাকায় বিবেচনা করা প্রয়োজন।

খরচ: অজানা, কিন্তু এলাকায় বা ঋতু দ্বারা মাছ ধরার উপর একটি সীমাবদ্ধতা মাছ ধরার ক্ষমতা বা ক্যাচকে প্রভাবিত হতে পারে।

৪। যে জাহাজ প্রশমন ব্যবস্থা সম্মতি পর্যবেক্ষণ এর প্রয়োজন বোধ করেন তাদের কে পক্ষপাতমূলক লাইসেন্সিং দেওয়া।

ধারণা: যে জাহাজ প্রশমন ব্যবস্থা কার্যকর ব্যবহারের জন্য সম্মতি পর্যবেক্ষণ প্রয়োজন বোধ করেন তাদের বিশেষ পুরস্কার বা সাহায্য দেওয়া।

কার্যকারীতা: মাছ ধরার ব্যবস্থার উন্নয়ন ও সামুদ্রিক পাখী এর আনুষঙ্গিক ক্যাচ কমাতে যে প্রশমন ব্যবস্থা নেওয়া উচিত তার ব্যবহার করলে অতিরিক্ত সাহায্য অত্যন্ত কার্যকর হতে পারে।

খরচ: অজানা.

৫। লাইভ পাখি রিলিজ করা।

ধারণা: এত সতর্কতা সত্ত্বেও যদি সামুদ্রিক পাখী শিকার কমান না যায় হয় তাহলে জাহাজ থেকে জীবিত পাখি ছেড়ে দেওয়া।,

কার্যকারীতা: জীবিত পাখি জাহাজে করে আনা সংখ্যার উপর নির্ভর করে এবং এই লাইন সেটিং নিহত পাখির সংখ্যার তুলনায় কম বলে মনে করা হয়।

খরচ: অজানা.

হাঙ্গর সংরক্ষণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত আন্তর্জাতিক প্রয়োগ কর্ম পরিকল্পনা

ভূমিকাঃ

১) শত শত বছর ধরে মৎস্যজীবী সম্প্রদায় সমুদ্র উপকূলবর্তী অঞ্চল গুলিতে দীর্ঘস্থায়ী ভাবে কেউ কেউ আজও হাঙ্গর শিকার করে চলেছে। কিন্তু, বর্তমান দশক গুলিতে এক দিকে উন্নত প্রযুক্তি ব্যবহারের সুযোগ এবং অপর দিকে দূরতর বাজারে পৌঁছানর সুবিধার ফলে একাধারে হাঙ্গর শিকারে মাত্রা এবং হাঙ্গর শিকারের পরিধি দুই ই বৃদ্ধি পেয়ে চলেছে।

২) হাঙ্গর শিকারের এই ক্রমাগত বৃদ্ধি পাওয়া যথেষ্ট উদ্বেগের বিষয় যা নাকি মহাসাগরের বিভিন্ন অঞ্চলের হাঙ্গরের বিভিন্ন প্রজাতির সংখ্যার উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। কারণ হাঙ্গর সাধারণত প্রজাতিগত ভাবে একত্রে বাস করে, বংশ বৃদ্ধির হার কম প্রজনন ক্ষমতা দেহিতে আসার কারণে, ঋতু মাইগ্রেশন এবং অফ স্প্রিং এর কতিপয় সংখ্যা ইত্যাদি কারণেএদের সংখ্যাগত ভাবে পুনরুদ্ধার করা বেশ সময় সাপেক্ষ যদিও এদের স্বাভাবিক মৃত্যুর হার কম।

৩) হাঙ্গর সংরক্ষণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে সমস্যা হল এদের সম্পর্কে এবং এদের শিকার পদ্ধতি সম্পর্কে জ্ঞানের বর্তমান সীমাবদ্ধতা। কারণ শিকারের পরিমাপ, পদ্ধতি, স্থলাভিষিক্ত করন ও বানিজ্য সম্পর্কিত তথ্যের অভাব, এমনকি হাঙ্গর এর বিভিন্ন প্রজাতিগুলিকে পৃথক ভাবে চিহ্নিত ও নামকরন এর জন্য প্রয়োজনীয় জীববিদ্যা সংক্রান্ত জ্ঞানের অপ্রতুলতা। হাঙ্গরকূল সম্পর্কে জ্ঞান ও প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে যে গবেষণা ও ব্যবস্থাপনা করা দরকার তার জন্য পর্যাপ্ত পরিমান তহবিলের প্রয়োজন।

৪) প্রচলিত অভিমত হল হাঙ্গর শিকার, উন্নত ব্যবস্থাপনা দ্বারা পরিচালিত হওয়া দরকার। ভিন্ন প্রজাতির হাঙ্গর শিকারের ক্ষেত্রে মাত্রাতিরিক্ত উপ-শিকার সংঘটিত হয়ে থাকে। কোন কোন ক্ষেত্রে পরিচালনা ব্যবস্থা ভিষন প্রয়োজন।

৫) বিশ্বের কতিপয় দেশেরই তাদের হাঙ্গর শিকার পরিচালনার নির্দিষ্ট পরিকল্পনা আছে যার মধ্যে আছে অবাধ প্রবেশ নিয়ন্ত্রন, পরিমাপের প্রযুক্তি, হাঙ্গর শিকার উপজাত নিয়ন্ত্রন-নীতি ও হাঙ্গরের পরিপূর্ণ সন্ধানবহারে সহযোগীতা করা। যাই হোক, সর্বত্র বিস্তৃত হাঙ্গর, এমন কি গভীর সমুদ্রে এবং দীর্ঘদূরত্ব পারি দেওয়া প্রজাতি গুলির ক্ষেত্রেও আন্তর্জাতিক সমন্বয় ও সহযোগীতা ক্রমবর্ধমান ভাবে হাঙ্গর পরিচালন-ব্যবস্থা পরিকল্পনার ক্ষেত্রে গুরুত্ব পূর্ণ হয়ে উঠছে। বর্তমানে কতিপয় আন্তর্জাতিক পরিচালন পদ্ধতিই হাঙ্গর শিকার-নিয়ে অভিমত ব্যক্ত করেছে।

৬) আন্তঃ আমেরিকান টুনা (বৃহৎ ভোজ্য মাছ) কমিশন, আন্তর্জাতিক সমুদ্র অনুঅনুসন্ধান কমিশন, আত্মাত্তিক মহা-সাগরীয় টুনা সংরক্ষন সংক্রান্ত আন্তর্জাতিক কমিশন, উত্তর-পশ্চিম আত্মাত্তিক মহাসাগরীয় মৎস্য জীব সংগঠন, পশ্চিম আফ্রিকার রাষ্ট্র গুলির উপ-আঞ্চলিক মৎস্য- কমিশন, লাতিন আমেরিকান মৎস্য-চাষ উন্নয়ন সংস্থা, ভারত-মহাসাগরীয় টুনা কমিশন, দক্ষিণী ব্লুফিন-টুনা সংরক্ষন কমিশন এবং প্রশান্ত মহাসাগর সন্নিহিত মৎস্যজীব সম্প্রদায় মহাসাগরীয় মৎস্যচাষ-পরিকল্পনা -সংগঠনগুলি, হাঙ্গর এর সংখ্যা নিরূপনের জন্য সদস্য দেশগুলিকে হাঙ্গর সংক্রান্ত তথ্য সংগ্রহ, কখন কখন সংগৃহীত আঞ্চলিক তথ্য এর আধুনিকীকরণ এ উৎসাহিত করতে সচেষ্ট রয়েছে।

৭) বর্ধিত হারে হাঙ্গর শিকার ও হাঙ্গরের মোট সংখার উপর তার নেতিবাচক প্রভাব নিয়ে ক্রম বর্ধমান উদ্বেগ থেকে ১৯৯৭ সালে এফ এ ও এর মৎস্য চাষ সংক্রান্ত কমিটির (সি.ও.এফ.আই) ২২তম অধিবেশনের পক্ষ থেকে তাদের বাজেট ভহির্ভূত খাতের খরচে বিশেষজ্ঞদের নিয়ে একটি পরামর্শ সভার আয়োজন করা হয়েছিল। যার উদ্দেশ্য ছিল উন্নত হাঙ্গর সংরক্ষন ও ব্যবস্থাপনার লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা তৈরী করার দিক নির্দেশ রচনা করা ও কমিটির পরবর্তি অধিবেশনে পেশ করা।

